

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১০

আগরতলা, ২ এপ্রিল, ২০২৪

**সিস্টেমেটিক ভোটার্স এডুকেশন অ্যান্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন
ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে সচেতনতা কর্মসূচি ও মতবিনিময় সভা**



ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে আজ সিস্টেমেটিক ভোটার্স এডুকেশন অ্যান্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন - ২০২৪ (এসভিইইপি) এর উপর এক সচেতনতা কর্মসূচি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় আসনের জেলা নির্বাচন আধিকারিক তথা পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা কার্যালয়ের উদ্যোগে এই কর্মসূচির আয়োজন করা হয়। রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল সচেতনতা কর্মসূচি ও মতবিনিময় সভার উদ্বোধন করে বলেন, সংসদীয় নির্বাচনী প্রক্রিয়ায় জনগণের অংশগ্রহণকে আরও বৃদ্ধি করার লক্ষ্যে ভারতের নির্বাচন কমিশন ২০০৯ সাল থেকে এই কর্মসূচি আয়োজন করে আসছে। নির্বাচনী প্রক্রিয়ায় ধনী, দরিদ্র, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলের ভোট দেওয়ার অধিকার রয়েছে। এই প্রক্রিয়ায় সামাজিক সমতা স্থাপিত হয়। তিনি ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে নিজে ভোট দেওয়ার পাশাপাশি পাড়া প্রতিবেশী যারা ভোটদানে বিরত থাকেন তাদের ভোট প্রক্রিয়ায় অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করতে আহ্বান জানান। এছাড়াও এদিন 'আমি ভারতের ভোটদাতা' শীর্ষক এক তথ্যচিত্র প্রদর্শন করা হয়। অনুষ্ঠান উপলক্ষ্মে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানও পরিবেশন করে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গঙ্গাপ্রসাদ প্রোসাহিন, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ড. বিশাল কুমার, অতিরিক্ত জেলাশাসক প্রশান্ত বাদল নেগি, অতিরিক্ত জেলাশাসক সজল বিশ্বাস, অতিরিক্ত জেলাশাসক চারুল ভার্মা, এসভিইইপি-র আইকন পদ্মশ্রী দীপা কর্মকার ও মিঠুন দেববর্মা সহ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক অধ্যাপিকাগণ। এদিনের কর্মসূচিতে ছাত্রছাত্রীদের নিয়ে একটি গুপ্ত কৃত্তি অনুষ্ঠিত হয়। পরে অতিথিগণ ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় আসনের জন্য পতাকা নাড়িয়ে একটি প্রচার গাড়ির যাত্রার সূচনা করেন।
